27

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 SEP 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

ইত্তেফাক রিপোর্ট ।। যথাযোগ্য মর্যাদায় গতকাল (বৃহস্পতিবার) আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়। এ উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ওসমানী

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## আন্তর্জাতিক সাক্ষরতা

( ১ম পৃঃ পর )

স্মৃতি মিলনায়তনে 'বাংলাদেশের উন্নয়নে সবার জন্য শিক্ষা' শীর্ষক আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে। প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নজমুল হুদা। এই উপলক্ষে ইউসেফ বিদ্যালয়ের কর্মজীবী ছাত্র-ছাত্রীরা নগরীতে বর্ণাঢ্য শোভাযাত্রা বাহির করে। ঢাকার মেয়র মোহাম্মদ হানিফ শোভাযাত্রা উদ্বোধন করেন। বাংলাদেশ মহিলা পরিষদ নিরক্ষরতা দূরীকরণ স্কুলের শিশুদের জন্য সুন্দর হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করে। বাংলাদেশ জাতীয় ইউনিস্কো ক্লাবের উদ্যোগে ব্যানবেইস মিলনায়তনে ২ দিনব্যাপী কর্মশালা শুরু হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমেদ গতকাল কর্মশালার উদ্বোধন করেন। বরিশাল বিভাগীয় যুব সমিতি সংগঠনের কার্যালয়ে 'সবার জন্য শিক্ষা' শীর্ষক কর্মশালার আয়োজন করে।

'বাংলাদেশ ২০০০' ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় তথ্য কেন্দ্রের মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে। বাংলাদেশ জাতিসংঘ সমিতির উদ্যোগে মিরপুরস্থ ডঃ মুহম্মদ শহীদুল্লাহ বিদ্যাপীঠ প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জিয়া যুব পরিষদ সংগঠন কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করে।

গার্লগাইডস এসোসিয়েশনের রাজধানী অঞ্চল গাইড হাউজে সপ্তাহব্যাপী চিত্র প্রদর্শনী ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণের আয়োজন করে। এসোসিয়েশনের প্রধান জাতীয় কমিশনার মিসেস রেবা রশিদ চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। আঞ্চলিক কমিশনার আবেদা কাহমী সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে ৫৮ জন হলদে পাখি গাইড ও রেঞ্জারের মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করা হয়। রোটার‍্যাক্ট জেলা সংগঠন ৩২৮০ শোভাযাত্রা বাহির করে।

আমাদের প্রতিনিধিরা জানান, বরিশালে গণসাক্ষরতা সাংবাদিক ফোরাম বিভিন্ন এনজিও'র সহায়তায় সকালে এক বর্ণাঢ্য র‍্যালী বাহির করে। সন্ধ্যায় টাউন হলে নুরুল আলম ফরিদের সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনার এম, এ, রশীদ প্রধান অতিথি ছিলেন। জেলা প্রশাসকের সভাপতিত্বে সকালে টাউন হলে অপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়, সেলিমা রহমান এম, পি, প্রধান অতিথি ছিলেন। রাজশাহীতে কলেজিয়েট বয়েজ ও হেলেনাবাদ গার্লস হাইস্কুল হইতে দুটি র‍্যালি বাহির হইয়া শহর প্রদক্ষিণ করে। সন্ধ্যার পর জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা হয়। কক্সবাজারে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়।